

জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস পালিত হবে ২৭ অক্টোবর

জবি সংবাদদাতা

প্রকাশিত: ১২:০৫, ২২ অক্টোবর ২০২৫



ছবি: জনকণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা জোবায়েদ হোসাইনকে হত্যার ঘটনায় স্থগিত হওয়া বিশ্ববিদ্যালয় দিবস ২৭ অক্টোবর (সোমবার) অনুষ্ঠিত হবে।

বুধবার (২২ অক্টোবর) সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিম।

উপাচার্য রেজাউল করিম বলেন, আগামী সোমবার (২৭ অক্টোবর) বিশ্ববিদ্যালয় দিবস পালিত হবে। তবে আগে থেকে যেরকম জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের প্রস্তুতি নেওয়া ছিল, সেটি আর থাকছে না।

তিনি আরও বলেন, এদিন কোনো সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন থাকছে না, পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে।

উপাচার্য বলেন, আমরা সকলেই জোবায়েদ হত্যার ঘটনায় মর্মান্বিত। তার হত্যার বিচার যেন দ্রুত সময়ে হয়, সেটার তদারকির জন্য আমি ইতোমধ্যে আমাদের আইন কর্মকর্তাকে নির্দেশনা দিয়েছি।

গত রোববার বিকেল ৪টা ৪৫ মিনিটের দিকে ছাত্রী বর্ষার বাসার তিনতলায় উঠতে সিঁড়িতে জোবায়েদকে ছুরিকাঘাতে হত্যা করা হয়। বাসার নিচতলা থেকে তিনতলা পর্যন্ত সিঁড়িতে রক্তের দাগ পাওয়া যায়। তিনতলার সিঁড়িতে উপুড় হয়ে পড়ে ছিলেন তিনি। সেদিনই বিশ্ববিদ্যালয় দিবস অনুষ্ঠান স্থগিত করা হয়।
